

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
ফরিদগঞ্জ, চাঁদপুর  
[dae.foridgonj.chandpur.gov.bd](http://dae.foridgonj.chandpur.gov.bd)

স্মারক নং-১২.১৮.১৩৪৫.০৪১.৯৯.০৬৪.১৫. (৩২৯)

তারিখঃ ০৪/০৩/২০২৪খ্রি.

বিষয়ঃ ভেজাল “ডলার জিংক (মনো)” বাজার হতে প্রত্যাহার করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৮/০১/২০২৪ খ্রি. তারিখে অত্র উপজেলার মেসার্স আলমগীর ট্রেডার্স, প্রোঃ মোঃ আলমগীর হোসেন, থানা রোড, ফরিদগঞ্জ পশ্চিম বাজার, ফরিদগঞ্জ, চাঁদপুর নামক ডিলারের দোকান হতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক বাজারজাতকৃত “ডলার জিংক (মনো)” আইএমপি-৭৩৭ ব্যাচ নং: ২০০৬২৩ এর নমুনা বিশ্লেষণের জন্য পরীক্ষাগারে প্রেরণ করে গত ২০/০২/২০২৪ খ্রি. তারিখে প্রাপ্ত ফলাফলে দেখা যায়, উক্ত “ডলার জিংক (মনো)” সারে জিংক ৩৬% এর স্থলে ১.৩৭% ও সালফার ১৭.৫০% এর স্থলে ২২.৪১% (ল্যাব নং ৭৪৭), যা সংশ্লিষ্ট সারের উপাদানের কাঙ্ক্ষিত পরিমাণের চেয়ে অনেক কম। তাই, সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১৭(২) এর (ঘ) উপধারা মোতাবেক নমুনাটি ভেজাল জিংক সালফেট মনো হাইড্রেট সার।

এমতাবস্থায়, উক্ত ব্যাচ নম্বরের সারটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে বাজার হতে প্রত্যাহার করে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো। অন্যথায় বাজার পরিদর্শনকালে উক্ত ব্যাচ নম্বরের সারটি পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তিঃ নমুনা পরীক্ষার ফলাফল ০১ (এক) প্রস্থ।

প্রাপক,  
বিসমিল্লাহ কর্পোরেশন লিঃ,  
শাহনাওয়াজ ভবন, ৯/সি, মতিঝিল বা/এ  
ঢাকা-বাংলাদেশ

স্বাক্ষরিত/=  
(কল্লোল কিশোর সরকার)  
উপজেলা কৃষি অফিসার  
ফরিদগঞ্জ, চাঁদপুর  
ইমেইল: [uaoforidgonj@gmail.com](mailto:uaoforidgonj@gmail.com)

স্মারকনং- ১২.১৮.১৩৪৫.০৪১.৯৯.০৬৪.১৫. (৩২৯)


তারিখঃ ০৪/০৩/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক (সার ব্যবস্থাপনা), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা)

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, চাঁদপুর।

  
০৪/০৩/২৪  
(কল্লোল কিশোর সরকার)  
উপজেলা কৃষি অফিসার  
ফরিদগঞ্জ, চাঁদপুর  
ইমেইল: [uaoforidgonj@gmail.com](mailto:uaoforidgonj@gmail.com)